

ঘূঢ়াত্ত্ব

চট্টগ্রাম মেডিকেল কলেজ

অধ্যক্ষকে বদলির আদেশ প্রত্যাহার দাবি শিক্ষার্থীদের

প্রকাশ : ০৭ নভেম্বর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



চট্টগ্রাম ব্যৱো

চট্টগ্রাম মেডিকেল কলেজের (চমেক) অধ্যক্ষ ডা. সেলিম মোহাম্মদ জাহাঙ্গীরের বদলি আদেশ প্রত্যাহারের দাবিতে অবস্থান কর্মসূচি পালন করেছে শিক্ষার্থীরা। প্রত্যাহার আদেশ বাতিল করে স্বপদে বহাল রাখার দাবিতে শিক্ষার্থীরা এ কর্মসূচি পালন করে। বুধবার সকাল ১০টা থেকে মেডিকেল কলেজের শিক্ষার্থীরা ক্লাস বর্জন করে কলেজের প্রশাসনিক ভবনের সামনে অবস্থান নেয়। এ সময় তারা অধ্যক্ষের বদলির আদেশ প্রত্যাহার দাবিতে স্নোগান দেয়। পরে প্রশাসনিক ভবনের সামনে থেকে সরে কলেজের প্রধান প্রবেশপথে অবস্থান নেয় তারা।

শিক্ষার্থীরা জানায়, ১০ বছর ধরে অধ্যক্ষ ডা. সেলিম মোহাম্মদ জাহাঙ্গীর সুন্দরভাবে মেডিকেল কলেজ পরিচালনা করে আসছেন। তাকে হঠাতে করে সরিয়ে দেয়ার সিদ্ধান্ত রহস্যজনক।

আন্দোলনকারী শিক্ষার্থী রাহাত কবির বলেন, অধ্যক্ষ স্যার ভালোভাবে মেডিকেল কলেজ চালাচ্ছিলেন। স্যারকে প্রত্যাহার করা যত্যব্রূমূলক। আমরা এ আদেশ প্রত্যাহার চাই। চমেক অধ্যক্ষ অধ্যাপক ডা. সেলিম মোহাম্মদ জাহাঙ্গীর যুগান্তরকে জানান, সরকারের আদেশ মান্য করা আমার দায়িত্ব। নতুন দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে দায়িত্ব বুঝিয়ে দেয়ার জন্য আমি প্রস্তুত। মঙ্গলবার স্বাস্থ্য মন্ত্রণালয়ের জারি করা প্রজ্ঞাপনে চট্টগ্রাম মেডিকেল কলেজের নতুন অধ্যক্ষ হিসেবে নিয়োগ দেয়া হয় শিশুস্বাস্থ্য বিভাগের অধ্যাপক ডা. শামীম হাসানকে। বর্তমান অধ্যক্ষ ডা. সেলিম মোহাম্মদ জাহাঙ্গীরকে ফার্মাকোলজি বিভাগের অধ্যাপক হিসেবে পদায়ন করা হয়।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার
বেআইনি।